জীবননগরে কন্যা শিশুর পরিবারের হাতে পুলিশ সুপারের উপহার

মুজিববর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলামের ব্যতিক্রম উদ্যোগ কন্যা সন্তান হলে ফোন করুন পৌঁছে যাবে উপহার।

তারই ধারাবাহিকতায় জীবননগর উপজেলায় ১০টি সদ্য ভূমিষ্ঠ কন্যা শিশুর পরিবারের হাতে ফুল ও নতুন পোশাক পৌঁছে দেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম।

জীবননগরে ভূমিহীনদের ঘর পরিদর্শন করলেন এমপি

‘আশ্রয়নের অধিকার, শেখ হাসিনার উপহার’ প্র্রধান মন্ত্রী শেখ হাসিনার উপহার স্বরুপ জীবননগর উপজেলার গৃহহীন ও ভূমিহীন অসহায় ব্যক্তিদের মাঝে বরাদ্দ দেওয়া ঘর পরিদর্শন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল রবিবার বেলা সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের ঘোষনগরসহ উপজেলার ১৮টি নির্মিত ঘর পরিদর্শন করেন।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা, জীবননগর উপজেলা পরিষদের সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, আওয়ামী লীগ নেতা শাখাওয়াত হোসেন ফরজ, আঃ মালেক মোল্লাসহ স্থানীয় নেতাকর্মীগণ।

এ সময় হাজী আলী আজগার টগর বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা শেখ হাসিনার দেওয়া প্রতিশ্রুতি বাংলাদেশের কোথাও গৃহহীন এবং ভূমিহীন থাকবে না। তাদের সবাইকে পর্যায়ক্রমে বসবাসের জন্য নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করা হবে ।

তারই ধারাবাহিকতায় জীবননগর উপজেলায় ১৮জন ব্যক্তির মাঝে ঘর বরাদ্দ দেওয়া হচ্ছে। পর্যায়ক্রমে যে সমস্ত অসহায় হতদরিদ্র আছে তাদেরকে এই সুবিধার আওতায় আনা হবে ।

মুজিববর্ষ সেভেন ওয়ান অফিসার্স ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২১ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার সকল সরকারি অফিসার্স ক্লাব দলের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়েছে অফিসার্স ব্যাডমিন্টন টুর্নামেন্ট।

ব্যাডমিন্টন টুর্নামেন্টে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার জেলা প্রশাসক জনাব নজরুল ইসলাম সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার জনাব জাহিদুল ইসলাম, চুয়াডাঙ্গা বিজিবির লেঃ কর্নেল খালেকুজ্জামান পিএসসি অধিনায়ক ৬, জনাব নঈম হাসান জোঃ সাধারণ সম্পাদক চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থা জনাব আব্দুল লতিফ খান যুবরাজ চেয়ারম্যান সেভেন ওয়ান।

টুর্নামেন্টটি চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় অফিসার্স ক্লাব মাঠ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

টুর্নামেন্টটির সভাপতিত্ব করেন, জনাব মনিরা পারভীন অতিরিক্ত জেলা প্রশাসক চুয়াডাঙ্গা। সন্ধ্যা ছয়টার সময় অনুষ্ঠানটির উদ্বোধন করেন জনাব নজরুল ইসলাম সরকার। দুইটা গ্রুপে মোট চব্বিশটি টিম অংশগ্রহণ করছে।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সাইমুন জামান নিশা এবং সার্বিক সহযোগিতা করেন রাসেল। টুর্নামেন্টটি আগামীকাল পুরস্কার বিতরণের মধ্য দিয়ে শেষ হবে।

দামুড়হুদা ডিএস দাখিল মাদ্রাসার চারতলা ভবনের ভিত্তি প্রস্তর উদ্বোধন

দামুড়হুদা ডিএস দাখিল মাদ্রাসার চারতলা একাডেমিক ভবন নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার বেলা ১১টার দিকে দামুড়হুদা ডি এস দাখিল মাদ্রাসার সভাপতি সেলিম উদ্দিন বগার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে ভিত্তি প্রস্তর স্থাপন কাজের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মো আলি আজগার টগর, বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য শফিউল কবির ইউসুফ, চুয়াডাঙ্গা শিক্ষা অধিদপ্তরের সহকারী প্রকৌশলী ফজলুর রহমান, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক মমিনুল ইসলাম মনির, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল মমিন মাস্টার,

দামুড়হুদা উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলি, ডি এস দাখিল মাদ্রাসার সুপার মাও.আজিজুল হক, সহ-সুপার জয়নাল আবেদিন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের ৪নং ওয়ার্ড সভাপতি সুবাহান মন্ডল, সাধারণ সম্পাদক সাবেক ইউপি সদস্য ইছা খাঁ, দামুড়হুদা সদর ইউপি সদস্য মুনছুর আলি।

আরো উপস্থিত ছিলেন মাদ্রাসার জমিদাতার সন্তান আশরাফুল আলম, মনিরুজ্জামান মনিরসহ মাদ্রাসার শিক্ষক গণ।

চুয়াডাঙ্গা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ২ কোটি ৯৩ লক্ষ ৪৪ হাজার ৯৬১ টাকা চুক্তিমূল্যে মাদ্রাসার ভবন নির্মাণ কাজ বাস্তবায়ন করবেন।

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির মতিবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার প্রাণ কেন্দ্র দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়ছে। গতকাল শনিবার সন্ধ্যায় প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে আলোচনা করেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হাসোন, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সহসভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সহ-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক তারিক জামান, প্রেসক্লাবের সাবক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ।

ক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় আরো আলাচনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সদস্য ইয়াছির আরাফাত মিলন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন।

অন্যান্যদের মধ্যে ছিলেন, জিল্লুর রহমান মধু, মাসুম বিল্লাহ, ইমতিয়াজ আহমেদ রয়েল, আ. রহমান, ওয়াসিম রয়েল, সুজন মাহামুদ, ফরহাদ হোসেন, আবিদ হাসান রিফাত, আ. হান্নান প্রমুখ। সভায় সর্বসম্মতিক্রমে প্রেসক্লাবের গঠনতন্ত্র সংশোধনে এফএ আলমগীরকে আহবায়ক, হানিফ মন্ডল ও মাসুম বিল্লাহকে যুগ্ন আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে। আগামী বৃহস্পতিবারের মধ্যে গঠনতন্ত্র সংশাধনী

প্রেসক্লাবে জমা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

চুয়াডাঙ্গায় ট্রেনে কাটা পড়ে বৃদ্ধার মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী রেলস্টেশনের কাছে ট্রেনে কাটা পড়ে এক বৃদ্ধা মারা গেছেন। দুর্ঘটনাটি ঘটেছে গতকাল শনিবার সকাল পৌনে ১০টার দিকে।

মারা যাওয়া বৃদ্ধা রোমেলা (৮০) চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের বড়শলুয়া গ্রামের সবদুল হোসেনের স্ত্রী। রাজশাহী থেকে ছেড়ে আসা খুলনাগামী সাগরদাঁড়ী আন্তঃনগর ট্রেনে কাটা পড়ে তার মৃত্যু হয়।

মারা যাওয়া বৃদ্ধা রোমেলার বোনের ছেলে সবেদ আলী জানান, জীবননগর উপজেলার সেনেরহুদা গ্রামে স্বজনের মৃত্যুর সংবাদ পেয়ে তিনি সেখানে গিয়েছিলেন। ওই গ্রাম থেকে ফেরার মুহূর্তে অসাবধনতাবসত ট্রেনলাইন পেরুনোর সময় তিনি চলন্ত ট্রেনে কাটা পড়েন। তার লাশ সেখান থেকে গ্রামে নিয়ে যাওয়া হয়েছে।

আলমডাঙ্গায় শিশু সন্তান রেখে বখাটের হাত ধরে উধাও প্রবাসীর স্ত্রী

ঘরে নাবালক ছেলে সন্তান রেখে এক বখাটের হাত ধরে উধাও হয়েছেন প্রবাসীর স্ত্রী। এ নিয়ে এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। শিশু সন্তান শাওন (৪) দিনরাত কেঁদেই চলছে মায়ের জন্য।

ঘটনাটি ঘটেছে আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়নের দুর্গাপুর গ্রামে ঘটেছে।

এলাকাবাসী জানান, আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের কেশবপুর গ্রামের রজব আলির সাথে দুর্গাপুর গ্রামের সামসুল হকের ছেলে শরিফার সাথে গত ৭ বছর পূর্বে বিবাহ হয়। বিবাহের ২ বছর পর তাদের দাম্পত্য জিবনে একটি পুত্র সন্তানের জন্ম হয়। পারিবারিক উন্নতির লক্ষ্যে রজব আলি মালয়েশিয়ায় কর্মের উদ্দেশ্যে পাড়ি জমায়।

রজব আলি দীর্ঘ ৪ বছর যাবৎ প্রবাস জীবন-যাপন করছে। এরই সুযোগে মাদাহুদা গ্রামের সামসুল হকের ছেলে ২ স্ত্রী ডিভোর্স দিয়ে আবারো প্রবাসীর স্ত্রীর সাথে গোপনে প্রেমের সম্পর্ক গড়ে তোলে।

মাদারহুদা এলাকায় বখাটে হিসেবে পরিচিত এবং সে আগে ২ টি বিয়ে করেছিল। তার স্ত্রীও তাকে ছেড়ে চলে গেছে।

স্বামীর ঘর ছাড়া শরিফার ভাই জানান, মাদারহুদা গ্রামের রাজমিস্ত্রি শান্ত তার বোনকে ফুসলিয়ে নিয়ে গেছে। যাওয়ার সময় শরিফা এক লাখ টাকা ও তিন ভরি গহনা নিয়ে গেছে। তার ১ শিশু সন্তান মায়ের জন্য শুধুই কান্নাকাটি করছে।

শরিফার স্বামী রজব আলি মুঠোফোনে জানান, আমি প্রবাসে থাকার সুযোগে শান্ত আমার স্ত্রীকে ভাগিয়ে নিয়ে গেছে। আমি এ ঘটনার বিচার চাই।

মাদারহুদা গ্রামের আব্দুস সামাদ জানান, শান্তর আগের স্ত্রী চলে যাওয়ায় সে অন্যের স্ত্রী ভাগিয়ে নিয়ে গেছে।

এ ঘটনায়, শরিফার পরিবারের লোকজন বাদি হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করে। অভিযোগের ভিত্তিতে পুলিশের তোপের মুখে লম্পট শান্ত ও প্রবাসীর স্ত্রী শরিফা খাতুন থানায় উপস্থিত হয়।

থানা পুলিশের মধ্যস্ততায় স্বামী সন্তান রেখে পরকিয়া প্রেমিকের সাথে যেতে সমর্থন করে। এবং মুচলেকার মাধ্যমে প্রবাসী স্বামী সন্তান রেখে পরকিয়া প্রেমিকের হাত ধরে চলে যায়।

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার পরিচিতি সভা

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের সভা কক্ষে পরিচিতি সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

উপজেলা লোকমোর্চার সভাপতি কামাল উদ্দিনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তা ডা. আবু হেনা মোস্তফা জামাল শুভ, জেলা পরিষদ সদস্য শফিউল কবির ইউসুফ, জেলা লোকমোর্চার সভাপতি অ্যাড. আলমগীর হোসেন, জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি আবুল কালাম আজাদ, হাউলী ইউপি চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন।

স্বাগত বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার নবাগত কমিটির সাধারণ সম্পাদক হযরত আলি।

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার যুগ্ম-সম্পাদক মিল্টন কুমার সাহার সঞ্চালনায় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সিনিয়র সহ-সভাপতি শহিদুল ইসলাম, সহ-সভাপতি সেলিনা আক্তার, আশরাফুল হক, যুগ্ম-সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, ছালেহা বেগম, সাংগঠনিক সম্পাদক জাহিদ হাসান জনি, সহ-সাংগঠনিক সম্পাদক সেলিনা আক্তার, দফতর সম্পাদক ইউনুছ আলি, প্রচার সম্পাদক হাবিবুর রহমান হবি, সাহিত্য ও

সাংস্কৃতি সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, পরিবেশ বিষয়ক সম্পাদক মোজাম্মেল হক, আইন বিষয়ক সম্পাদক অ্যাড. রেজাউল হক, উপজেলা লোকমোর্চার সদস্য টিপু সুলতান শাহ্, সাজেদুর রহমান মিঠু, মাকছুদুর রহমান রতন, মিরাজুল ইসলাম মিরাজসহ দামুড়হুদা উপজেলা লোকমোর্চার নবনির্বাচিত কমিটির সকল সদস্য।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ওয়েব ফাউন্ডেশনের সম্বনয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

চুয়াডাঙ্গায় সুইসাইড নোট লিখে আত্মহত্যা

চুয়াডাঙ্গায় এএসএম মিরাজুল হাসান তুষার নামে এক ব্যক্তি আত্মহত্যা করেছেন।

বৃহস্পতিবার রাতে চুয়াডাঙ্গা পৌর শহরের সাদেক আলী মল্লিকপাড়ায় এ ঘটনা ঘটে।

তুষার ওই পাড়ার আবেদ হাসানের ছেলে এবং স্থানীয় ইম্প্যাক্ট মাসুদুল হম মেমোরিয়াল কমিউনিটি সেন্টারের মেডিকেল অ্যাসিস্ট্যান্ট।

পুলিশ ও এলাকা সূত্রে জানা গেছে, শুক্রবার সকালে বাড়ির একটি কক্ষে সিলিং ফ্যানে ঝুলন্ত অবস্থায় ছেলের লাশ দেখতে পান তার মা তরুলতা মন্ডল। পরে পুলিশে খবর দিলে সদর থানা পুলিশ নিহত তুষারের ঘর থেকে একটি সুইসাইড নোট উদ্ধার করে। ওই চিঠিতে লেখা আছে ‘আমি এএসএম মিরাজুল ইসলাম (তুষার) সজ্ঞানে-স্বেচ্ছায় নিজের সম্পূর্ণ ইচ্ছায় আত্মহত্যার পথ বেছে নিলাম। এই আত্মহত্যার পেছনে কারো কোনো এক বিন্দু পরিমাণ কোনো দোষ নেই। স্যরি মা। রাত ১২টা ৪০ মিনিট।’

নিহতের মা তরুলতা মন্ডল জানান, সম্প্রতি তুষার বাড়িতে একেবারে চুপচাপ থাকতো। কারো সাথে কোনো কথা বলতো না। সে বিষণ্নতায় ভুগছিলো।

এ ব্যাপারে চুয়াডাঙ্গা সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জিহাদ ফখরুল আলম খাঁন বলেন, “পারিবারিক কলহের কারণে তুষার আত্মহত্যা করেছেন। এ বিষয়ে সদর থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে। পরিবারের পক্ষে কোনো অভিযোগ না থাকায় দাফনের অনুমতি দেয়া হয়েছে।”

আলমডাঙ্গায় ১ হাজার পিস টেপেন্ডাসহ আটক ১

আলমডাঙ্গার মুন্সিগঞ্জ এলাকা থেকে ১ হাজার পিস নেশাদ্রব্য ঔষধ টেপেন্ডাসহ ১ জনকে আটক করেছে পুলিশ।

গতকাল বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে মুন্সিগঞ্জের সোনালী ব্যাংক এলাকা থেকে তাকে আটক করে।

আটকৃত ব্যক্তি কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার সন্তোষপুর গ্রামের মৃত মোবারক হোসেনর ছেলে খোরশেদ আলম।

জানা গেছে, মুন্সিগঞ্জ এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানাপুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। এসময় থানার এসআই আমিনুল ইসলাম সঙ্গীয় ফোর্স মুন্সিগঞ্জের সোনালী প্রাঙ্গণ থেকে একজনকে সন্দেহ ভাবে আটক করে।

পরে, তার শরীর তল্লাশী করে ১ হাজার পিস টেপেন্ডা ট্যাবলেট উদ্ধার করে। এই ঘটনায় আটকৃত ব্যক্তি খোরশেদ আলমের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ধারায় তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়।

আজ শুক্রবার সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করা হবে।